

■■ আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ بيان أصول العقيدة الإسلامية إجمالا وأدلتها – দলীলসহ ইসলামী আকীদার মূলনীতিগুলোর সংক্ষিপ্ত বিবরণ

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

שלפ عزوجل _ الأصل الأول: الإيمان بالله عزوجل _ পথম মূলনীতি: আল্লাহ তা'আলার প্রতি ঈমান

আল্লাহ তা আলার প্রতি ঈমান আনয়ন করাই হচ্ছে আকীদার প্রধান মূলনীতি। الإيمان بالله বিশ্বাসের অর্থ হলো অন্তর দিয়ে আল্লাহর উপর এ দৃঢ় বিশ্বাস পোষণ করা যে, তিনিই প্রত্যেক জিনিসের একমাত্র রব ও মালিক। তিনিই একমাত্র স্রষ্টা। সমগ্র সৃষ্টিজগতের পরিচালক ও ব্যবস্থাপক। সে সঙ্গে আরো বিশ্বাস করা যে, তিনিই একমাত্র বান্দার ইবাদতের হকদার, এতে তার কোনো শরীক নেই। তিনি ছাড়া আর যত মাবুদ রয়েছে, তা সবই বাতিল। এগুলোর ইবাদতও বাতিল।

আল্লাহ তা'আলা সূরা লুকমানের ৩০ নং আয়াতে বলেন,

﴿ ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ هُوَ الْحَقُّ وَأَنَّ مَا يَدْعُونَ مِن دُونِهِ الْبَاطِلُ وَأَنَّ اللَّهَ هُوَ الْعَلِيُّ الْكَبِيرُ ﴾

"এসব কিছু এ কারণে যে, আল্লাহই সত্য এবং তাকে বাদ দিয়ে অন্যান্য যেসব জিনিসকে তারা ডাকে তা সবই মিথ্যা, আর আল্লাহই সুউচ্চ ও সুমহান"।

আরো বিশ্বাস করা যে, তিনি সিফাতে কামালিয়া তথা উত্তম ও পূর্ণতার গুণাবলী দ্বারা গুণান্বিত এবং প্রত্যেক দোষ-ক্রুটি থেকে পবিত্র ও মুক্ত।

আল্লাহ তা'আলার প্রতি ঈমান বলতে তিন প্রকার তাওহীদকেই বুঝায়। তাওহীদুর রুবুবীয়্যা, তাওহীদুল উলুহীয়া এবং তাওহীদুল আসমা ওয়াছ ছিফাত। এতে রয়েছে কয়েকটি অনুচ্ছেদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13198

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন